রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বুধবার, এপ্রিল ৩০, ২০১৪**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৪।**

**আদেশ**

তারিখ, ১৭ বৈশাখ, ১৪২১ বঙ্গাব্দ/৩০ এপ্রিল, ২০১৪ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং ৭১-আইন/২০১৪।**—ঢাকাস্থ বিশেষ মামলা নং-০৩/২০১০, যাহা রমনা মডেল থানা মামলা নং-৮, তারিখ ০৩-০৭-২০০৮, Penal Code, 1860 (Act. No. XLV of 1860) এর ধারা ৪০৯, ১০৯ এবং Prevention of Corruption Act, 1947 (Act No. II of 1947) এর ধারা ৫(২), যাহা জিয়া অরফানেজ ট্রাস্টের টাকা আত্মসাৎ সংক্রান্ত, বিশেষ মামলা নং-১৭/২০১০, যাহা গুলশান থানার মামলা নং-৩৮, তারিখ ১৩-০৬-২০১০, দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪ (২০০৪ সনের ৫ নং আইন) এর ধারা ২৬(২)(ক) এবং বিশেষ মামলা নং-০৫/২০১৩, যাহা তেজগাঁও থানার মামলা নং-১৫, তারিখ ০৮-০৮-২০১১, Prevention of Corruption Act, 1947 (Act No. II of 1947) এর ধারা ৫(২) ও Penal Code, 1860 (Act. No. XLV of 1860) এর ধারা ১০৯ যাহা জিয়াউর রহমান চ্যারিটেবল ট্রাস্ট এর টাকা আত্মসাৎ সংক্রান্ত, ঢাকাস্থ মেট্রোপলিটন দায়রা জজ আদালত ভবনে অবস্থিত বিশেষ জজ আদালত নং-৩ এ বিচারাধীন; এবং উক্ত ভবনে অবস্থিত বহুসংখ্যক আদালতে মামলার বিচার কার্যক্রম পরিচালিত হওয়ায় উক্ত ভবন এবং এলাকাটি আদালত চলাকালীন সময়ে জনাকীর্ণ থাকে বিধায় নিরাপত্তাজনিত কারণে Code of Criminal Procedure, 1898 (Act No. V of 1898) এর section 9 এর sub-section (2) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার বিশেষ জজ আদালত নং-৩ এ বিচারাধীন বিশেষ মামলা নং-০৩/২০১০,


**মূল্য** ঃ টাকা ৪.০০

বিশেষ মামলা নং-১৭/২০১০ এবং বিশেষ মামলা নং-০৫/২০১৩ এর বিচারকার্য পরিচালনা করার জন্য ঢাকা মহানগরের বকসি বাজার এলাকার সরকারি আলিয়া মাদ্রাসা ও ঢাকা কেন্দ্রীয় কারাগার সংলগ্ন মাঠে নির্মিত ভবনটিকে (যাহা বিডিআর হত্যাকান্ড মামলার অস্থায়ী আদালত ছিল) অস্থায়ী আদালত হিসাবে ঘোষণা করিল এবং এতদ্দ্বারা নির্দেশ প্রদান করিল যে, বিশেষ জজ আদালত নং-৩ এ বিচারাধীন বিশেষ মামলা নং-০৩/২০১০, বিশেষ মামলা নং-১৭/২০১০ এবং বিশেষ মামলা নং-০৫/২০১৩ এর বিচার কার্যক্রম ঢাকা মহানগরের বকসি বাজার এলাকার সরকারি আলিয়া মাদ্রাসা ও ঢাকা কেন্দ্রীয় কারাগার সংলগ্ন মাঠে নির্মিত উক্ত অস্থায়ী আদালত ভবনে অনুষ্ঠিত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ শাহীন উদ্দিন**
সিনিয়র সহকারী সচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd